



### প্রথম সমাবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত গ্র্যাজুয়েটদের অবগতির জন্য অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন আগামী ১৯ এপ্রিল ২০১৭ তারিখ অনুষ্ঠিত হতে যাচ্ছে। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত শিক্ষাবর্ষের উত্তীর্ণ গ্র্যাজুয়েটগণ নির্ধারিত ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন করে সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

ডিগ্রির নাম	অংশগ্রহণকারীদের শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন ফি
০১। স্নাতক(সম্মান) (সকল অনুষদ)	২০০৬-৭ থেকে ২০০৯-১০ শিক্ষাবর্ষ	৩০০০/-
০২। মাস্টার্স (সকল অনুষদ)	২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩ শিক্ষাবর্ষ	৩০০০/-
০৩। EMBA	২০১৩, ২০১৪, ২০১৫ সামার ও ফল	৪০০০/-


উপর্যুক্ত পরীক্ষাসমূহের গ্র্যাজুয়েটদের মধ্যে যারা সমাবর্তনে অংশগ্রহণ করতে আগ্রহী তাদেরকে ০১ মার্চ থেকে ৩০ মার্চ ২০১৭ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jkkniu.edu.bd/convocation](http://www.jkkniu.edu.bd/convocation) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

রেজিস্ট্রেশনের পদ্ধতি নিম্নরূপ-

- ১) বিশ্ববিদ্যালয়ের [www.jkkniu.edu.bd/convocation](http://www.jkkniu.edu.bd/convocation) এই ওয়েবসাইটে যেতে হবে।
- ২) ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে চাহিদাকৃত তথ্যাদি প্রদান করতে হবে।
- ৩) রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করলেই ব্যাংকে টাকা জমার ফরম PDF আকারে পাওয়া যাবে। উক্ত ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করে বাংলাদেশের সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখায় জমা দিতে পারবেন।

রেজিস্ট্রেশন ও সমাবর্তন সংক্রান্ত যাবতীয় তথ্য [www.jkkniu.edu.bd/convocation](http://www.jkkniu.edu.bd/convocation) এ পাওয়া যাবে।

আদেশক্রমে,

  
(ড. মোঃ হুমায়ুন কবীর)  
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।